# আকাশবাণীশিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**31 AUGUST 2026** **7:45—7:55PM**

---

(১) শিলচর পৌর নিগমের নির্বাচন সম্পর্কে রাজ্য নির্বাচন কমিশনের বিভিন্ন রাজনৈতিক দলের প্রতিনিধিদের সঙ্গে আজ বৈঠক/ পৌর ভোটের পরিচয় পত্র ও ভিডিওগ্রাফির দায়িত্বে পৃথক সেল/

(২) আপার আসামের সাহায্য বঞ্চিত বন্যাদুর্গতদের আগামীকাল ১৫ হাজার টাকা করে প্রাথমিক সহায়তা প্রদান/

(৩) গণবন্টন ব্যবস্থাকে আরো শক্তিশালী করতে রাজ্য সরকার প্রতিশ্রুতিবদ্ধ বলে মন্ত্রী কৌশিক রাইয়ের প্রকাশ/

এবং

(৪) অবিভক্ত সুরমা-বরাক উপত্যকার বাণিজ্য ও অর্থনীতির ইতিহাসে উল্লেখযোগ্য মাইলফলক শিলচরের কাছাড় নেটিভ জয়েন্ট স্টক কোম্পানির আজ সার্ধশতবর্ষে পদার্পণ/ শিলচরে বিভিন্ন অনুষ্ঠান/

---

আসন্ন শিলচর পৌরনিগম নির্বাচন সম্পর্কে বিভিন্ন রাজনৈতিক দলের প্রতিনিধিদের সঙ্গে গৌহাটীর পাঞ্জাবারীতে রাজ্য নির্বাচন কমিশনের কার্যালয়ে এক বৈঠক অনুষ্ঠিত হয়েছে । রাজ্য নির্বাচন কমিশনের আয়ুক্ত রঞ্জন শর্মার পৌরহিত্যে বৈঠকে নির্বাচনে আসন সংরক্ষণ ,প্রতিদ্বন্দী প্রার্থীর ব্যয় ,ডিজিটেল নির্বাচন ব্যাবস্থাপনা ,নির্বাচনী আচরণ বিধি ইত্যাদি বিভিন্ন বিষয়ে বৈঠকে আলোচনা করা হয় । রাজ্য নির্বাচন আয়ুক্ত শিলচর পৌর নিগমের নির্বাচন সুষ্ঠুভাবে অনুষ্ঠিত করার জন্য সব রাজনৈতিক দলের সহযোগীতা কামনা করেন ।

উল্লেখ্য ৪২ টি ওয়ার্ডের জন্য অনুষ্ঠেয় শিলচর পৌর নিগমের নির্বাচনে ২ লক্ষ ৭০ হাজার ৭৭২ জন ভোটদাতা ৩১৬ টি ভোটগ্রহণ কেন্দ্রে ভোটাধিকার সাব্যস্ত করবেন । এরমধ্যে ১ লক্ষ ২৯ হাজার পুরুষ ভোটদাতা এবং ১ লক্ষ ৪০ হাজার মহিলা ভোটদাতা রয়েছেন । ৪২টি ওয়ার্ডের মধ্যে ৭টি অনুসূচিত জাতির জন্য এবং তিনটি আসন মহিলার জন্য সংরক্ষিত থাকবে ।

---------------------------------------------------------------------------------

আসন্ন শিলচর পুরনিগম নির্বাচন ২০২৬ এর প্রস্তুতির অংশ হিসেবে পৃথক পাস ও ভিডিওগ্রাফি সেল গঠন করা হয়েছে । এই সেল নির্বাচনের কাজে যুক্ত আধিকারিক ও কর্মীদের পরিচয়পত্র ,বিভিন্ন ধরণের পাস ,ছবি তোলা এবং নির্বাচনে প্রয়োজনীয় ভিডিওগ্রাফির ব্যাবস্থা সমন্বয়ের দায়িত্বে থাকবে ।কাছাড় জেলার অতিরিক্ত জেলা আয়ুক্ত জাগৃতি কালোয়ার সেলের দায়িত্বপ্রাপ্ত আধিকারিক হিসেবে থাকবেন এবং জেলার সহকারী আয়ুক্ত অরুনাভ চৌধুরী তাঁকে সহযোগীতা করবেন । জেলা প্রশাসনের নির্দেশ অনুযায়ী জেলা আয়ুক্তের কার্যালয় সহ বিভিন্ন সরকারী দপ্তরের আধিকারিক ও কর্মীদের নিয়ে সেলটি কাজ করবে । শিলচর পুরনিগম নির্বাচন ২০২৬ এর পার্সোনেল সেলের অধীনে ইতিমধ্যে দায়িত্বপ্রাপ্ত গ্রুপ থ্রি ও গ্রুপ ফোর কর্মীরাও প্রয়োজন অনুযায়ী এই কাজে সহযোগীতা করবেন । নির্বাচনের বিভিন্ন পর্যায়ে এই সেল প্রয়োজনীয় সবধরনের পরিচয়পত্র ও পাস তৈরীর দায়িত্ব সহ ভোটগণণার সময় কাউন্সিলরদের জন্য নির্বাচনী এলাকা বা ওয়ার্ডভিত্তিক রং কোড করা পরিচয়পত্র তৈরীরও ব্যাবস্থা করবে । বিভিন্ন শ্রেণীর ভোট কর্মীদের জন্য তৈরী পরিচয়পত্র নির্ধরিত সময়ে মেটেরিয়াল সেলের কাছে হস্তান্তর করা হবে । প্রতিদ্বন্দী প্রার্থী ,নির্বাচনী এজেন্ট এবং নির্বাচনের কাজে যুক্ত অন্যান্য কর্মী ও অনুমোদিত ব্যাক্তিদের পরিচয়পত্র ও পাস প্রস্তুত করে নির্ধারিত সময়ে পাস ও ভিডিওগ্রাফি সেল থেকেই বিতরণ করা হবে ।

---------------------------------------------------------------------------------

আপার আসামের বন্যায় ক্ষতিগ্রস্ত চারটি জেলার এপর্যন্ত রাজ্য সরকারের আর্থিক সহায়তা থেকে বাদ পড়া লোকেদের ১৫ হাজার টাকা করে আগামীকাল প্রদান করা হবে । জীবন প্রেরণা প্রকল্প সহ সি এম ফ্লাইট প্রকল্পের সংশোধিত নীতি অনুসারে প্রথম কিস্তির অর্থও আগামীকাল প্রদান করা হবে বলে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মার পৌরহিত্যে গতকাল অনুষ্ঠিত মন্ত্রীসভার বৈঠকে সিদ্ধান্ত নেওয়া হয়েছে ।

এছাড়া বৈঠকে গৌহাটি বিশ্ববিদ্যালয়ের পরিকাঠামো উন্নয়নের জন্য ১০৯ কোটি টাকা বরাদ্দ করার পাশাপাশি বিশ্ববিদ্যালয়টিকে পরবর্তী সময়ে ১৪০ কোটি টাকা প্রদান করা হবে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে । আগামী সাতই সেপ্টেম্বর উপ-রাষ্ট্রপতির আসাম

সফরের কর্মসূচিতে এই অর্থ বিশ্ববিদ্যালয়টিকে আনুষ্ঠানিকভাবে প্রদান করা হবে । কর্কট রোগের উন্নত চিকিৎসার জন্য গৌহাটি মেডিকেল কলেজে ছ'শো কোটি টাকা ব্যয়সাপেক্ষে একটি প্রোটন বীম থেরাপি কেন্দ্র স্থাপনের বিষয়ে রাজ্য মন্ত্রীসভা অনুমোদন জানিয়েছে । এই কাজটি সম্পন্ন হলে গৌহাটি মেডিকেল দেশের মধ্যে গৌহাটি মেডিকেল কলেজ হাসপাতাল এই বিশেষ যন্ত্র সংযোজিত হওয়া প্রথম মেডিকেল কলেজ হিসেবে চিহ্নিত হবে । এছাড়া বন্যাবিধ্বস্ত শিবসাগর ও চরাইদেউ জেলার অরুণোদয় সুবিধাপ্রাপককে সেপ্টেম্বর মাসের দুহাজার টাকা করে অর্থ দেওয়ার সিদ্ধান্ত রাজ্য মন্ত্রীসভায় নেওয়া হয়েছে ।

--------------------------------------------------------------------------------

বস্ত্র ও পরিধান সামগ্রী ক্ষেত্র দেশের সাংস্কৃতিক ঐতিহ্যের কেবল গুরুত্বপূর্ণ অংশ নয় এই ক্ষেত্র লক্ষ লক্ষ লোককে জীবিকার সুবিধা প্রদান করে আসছে বলে রাষ্ট্রপতি দ্রৌপদী মূর্মু মত প্রকাশ করেছেন । আজ নতুন দিল্লীর যশোভূমিতে জাতীয় ফ্যাশন প্রযুক্তি প্রতিষ্ঠান ,এন আই এফ টির সমাবর্তন অনুষ্ঠানে অংশগ্রহণ করে প্রদত্ত ভাষণে রাষ্ট্রপতি একথা বলেন । তিনি এন আই এফ টির ছাত্রছাত্রীদের দেশের সমৃদ্ধ সাংস্কৃতিক ঐতিহ্যের গৌরব বজায় রাখা সহ বৈশ্বিক দৃষ্টিভঙ্গী গ্রহণ করে এগিয়ে যাবার আহ্বান জানান । বস্ত্র ও ফ্যাশন শিল্পকে আর্ন্তজাতিক পর্যায়ে প্রতিষ্ঠা লাভ করার ক্ষেত্রে দেশের অপার সম্ভাবনা রয়েছে বলে শ্রীমতি মূর্মু মন্তব্য করেন । তিনি শিক্ষার্থীদের নিজের জ্ঞান ,দক্ষতা ও সৃজনশীলতাকে দেশের পরম্পরাগত বস্ত্র ঐতিহ্য ও সমসাময়িক বাজারের সঙ্গে সংযোগ করে নতুন প্রযুক্তির সহায়তায় কাজ করার আহ্বান জানান । অনুষ্ঠানে রাষ্ট্রপতি দেশের ১৮ টি এন আই এফ টি থেকে স্নাতক ডিগ্রী লাভ করা শিক্ষার্থীদের ডিগ্রীর প্রমাণপত্র প্রদান করেন এবং কৃতি শিক্ষার্থীদের স্বর্নপদকও প্রদান করেন ।

--------------------------------------------------------------------------------

প্রাক্তন রাষ্ট্রপতি, ভারতরত্ন ডঃ প্রণব মুখার্জীর মৃত্যুবার্ষিকীতে আজ তাঁকে শ্রদ্ধার সঙ্গে স্মরণ করা হয়েছে । কেন্দ্রীয় সরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ্ প্রয়াত রাষ্ট্রপতির মৃত্যুবার্ষিকীতে তাঁর প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন । সামাজিক মাধ্যমের এক বার্তায় শ্রী শাহ্ বলেছেন যে- ডঃ মুখার্জী সু-শাসক এবং জ্ঞানী ব্যক্তিত্ব ছিলেন, যে তাঁর দীর্ঘদিনের কর্মজীবনে সাংবিধানিক মূল্যবোধ ও রাষ্ট্রের প্রতি প্রতিশ্রুতিবদ্ধতার উদাহরণ তৈরি করেছিলেন । তাঁর আদর্শ নতুন নেতাদের জন্য অনুপ্রেরণা হয়ে থাকবে বলে সরাষ্ট্র মন্ত্রী মন্তব্য করেছেন ।

এদিকে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা প্রাক্তন রাষ্ট্রপতি ডঃ মুখার্জীর মৃত্যুবার্ষিকীতে তাঁর প্রতি শ্রদ্ধা জানিয়েছেন । এক বার্তায় ডঃ শর্মা বলেন- দূরদর্শী রাষ্ট্রনায়ক, প্রজ্ঞাবান চিন্তাবিদ ও দক্ষ প্রশাসক হিসেবে প্রণব মুখার্জী তাঁর দীর্ঘ কর্মজীবনে দেশের উন্নয়ন ও অগ্রগতির ক্ষেত্রে অনন্য অবদান রেখে গেছেন । আসামের বিকাশ ও উন্নয়নের ক্ষেত্রে প্রয়াত রাষ্ট্রপতির সহযোগিতা সর্বদা স্মরণীয় হয়ে থাকবে বলে মুখ্যমন্ত্রী মন্তব্য করেছেন ।

--------------------------------------------------------------------------------------------

রাজ্যের খাদ্য , গ্রাহক পরিক্রমা বিভাগের মন্ত্রী কৌশিক রাই আজ দিশপুর রাজ্য সচিবালয়ে সারা আসাম সুলভ মূল্যের ব্যবসায়ীদের সঙ্গে এক বৈঠকে মিলিত হয়ে গণবন্টন ব্যবস্থাকে আরো শক্তিশালী করার ক্ষেত্রে সরকারের প্রতিশ্রুতির কথা উল্লেখ করেন । মন্ত্রী শ্রীরাই সুলভ মূল্যের ব্যবসায়ী সংস্থার প্রতিনিধিদের সাথে তাদের বিভিন্ন সমস্যা সমাধানের বিষয় নিয়ে আলোচনা করেন । বৈঠকে সুলভ মূল্যের দোকানের অনুজ্ঞাপত্রের নবীকরন , হস্তান্তর ইতাদি বিষয় নিয়ে আলোচনা করা হয়েছে । বৈঠকে খাদ্য , গন বন্টন এবং গ্রাহক পরিক্রমা বিভাগের আধিকারীকরাও উপস্থিত ছিলেন ।

--------------------------------------------------------------------------------------------

বরাক উপত্যকার বাণিজ্য ও অর্থনীতির ইতিহাসের গৌরবোজ্জ্বল ইতিহাসের সাক্ষী শিলচরের কাছাড় নেটিভ জয়েন্ট স্টক কোম্পানির সার্ধ শতবর্ষে পদার্পণ উপলক্ষে আজ শিলচরে ওই কোম্পানির প্রাঙ্গণে এক বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে । চা শিল্প এবং স্থানীয় অর্থনীতির সঙ্গে জড়িত এই শতাব্দী প্রাচীন প্রতিষ্ঠানটি স্থানীয় উদ্যোক্তাদের হাত ধরে গড়ে শুধু ব্যবসার প্রসার ঘটায়নি, বরং এই অঞ্চলের সামাজিক ও সাংস্কৃতিক বিকাশেও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে এসেছে । ঔপনিবেশিক আমলের স্মৃতি বিজড়িত প্রাচীন স্থাপত্যশৈলীর কার্যালয় ভবনটি আজও তার ঐতিহ্যের সাক্ষ্য বহন করে চলেছে।

কাছাড় নেটিভ জয়েন্ট স্টক কোম্পানির সার্ধশতবর্ষ উদযাপন উপলক্ষে আজ সন্ধ্যায় আয়োজিত অনুষ্ঠানে বরাক উপত্যকার বিশিষ্ট ব্যক্তিবর্গ এই সুপ্রাচীন প্রতিষ্ঠানটি অবদানের কথা শ্রদ্ধার সঙ্গে স্মরণ করেন । বিশিষ্ট লোক গবেষক- অধ্যাপক ডঃ অমলেন্দু ভট্টাচার্য তাঁর বক্তব্যে বরাক উপত্যকার প্রাক স্বাধীনতা যুগের ইতিহাসে এই কোম্পানির অবদানের কথা স্মরণ করেছেন। প্রবীণ সাংবাদিক অতীন দাস এই বিষয়ে নিজের মনের ভাব ব্যক্ত করেছেন । এছাড়া কোম্পানির বোর্ড অব ডিরেক্টরস’এর পক্ষ থেকে চন্দ্রিমা দত্ত, অসিত দত্ত, পরিমল পাল প্রমুখ জয়েন্ট স্টক কোম্পানির ইতিহাস এবং বর্তমান কাজকর্মের বিষয়ে উল্লেখ করেন । অনুষ্ঠানে শিলচর তথা বরাক

উপত্যকার সাহিত্য, সামাজিক ও সাংস্কৃতিক অঙ্গনে জড়িত বিশিষ্ট ব্যক্তিরা প্রাসঙ্গিক আলোচনা করেন । এছাড়া বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠানও পরিবেশিত হয়।

---------------------------------------------------------------------------------------------------

উত্তর-পূর্ব সীমান্ত রেল সূত্রে জানানো হয়েছে যে নিউ হারেঙ্গাজাও রেল স্টেশনের কাছে এক ও দু নম্বর রেল রুটে সংস্কার কাজের জন্য কিছু ট্রেনের যাত্রা বাতিল করা হয়েছে এবং কয়েকটি ট্রেনের যাত্রার সময়সূচী পরিবর্তন করা হয়েছে । সীমান্ত রেল সূত্রে জানানো হয়েছে যে ১৫৬১৫ নম্বরের গুয়াহাটী-শিলচর এক্সপ্রেস আগামীকাল এবং ১৫৬১৬ নম্বরের শিলচর-গুয়াহাটী এক্সপ্রেস ট্রেনের যাত্রা আগামী বুধবার বাতিল করা হয়েছে । এছাড়া ১৫৬৫০ নম্বরের নারেঙ্গী -আগরতলা এক্সপ্রেস ট্রেনটি আগামীকাল সন্ধ্যা সাড়ে ছটায় নারেঙ্গী থেকে এবং ১৫৬২৮ নম্বরের শিলচর-কোয়েমবোটর এক্সপ্রেস ট্রেন আগামীকাল রাত দশটা ১০ মিনিটে শিলচর থেকে ছাড়বে ।

---------------------------------------------------------------------------------------------------

শিলচর ব্রডগেজ রূপায়ণ সংগ্রাম সমিতি শিলচর-লংকা-লামডিং-গুয়াহাটি রেলপথকে বিকল্প রেলপথ হিসেবে গড়ে তোলার দাবী তুলেছে । প্রতিবছর বর্ষার মরশুমে পাহাড় লাইনে রেল পরিষেবা বিপর্যস্ত হওয়ার পরিপ্রেক্ষিতে এবং বর্তমানের একমাত্র রেললাইনের উপর চাপ কমানোর পাশাপাশি বরাক উপত্যকা এবং উত্তর-পূর্বাঞ্চলের যোগাযোগ ব্যবস্থা উন্নত করার স্বার্থে শিলচর থেকে লংকা-লামডিং হয়ে গুয়াহাটি পর্যন্ত বিকল্প রেলপথের প্রল্প দ্রুত রূপায়ণ করার আহ্বান জানিয়ে সংগঠনটি আজ শিলচর রেল স্টেশন প্রাঙ্গণে প্রতিবাদ কার্যসূচি পালন করেছে । এর আগে গতকাল সংস্থাটি করিমগঞ্জ রেল স্টেশনে এবং গত শনিবার হাইলাকান্দি রেল স্টেশনে অনুরূপ কার্যসূচি পালন করেছে । উল্লেখ্য- রেল যোগাযোগের জন্য নির্দিষ্ট একটি রেলপথের উপর নির্ভরশীল হওয়ায় বরাক উপত্যকার যাত্রীদের যথেষ্ট অসুবিধার সম্মুখীন হতে হয় । সেইজন্যে রাজ্যের অন্যান্য প্রান্তের সঙ্গে রেল যোগাযোগ আরো সুগম করে তুলতে রেলযাত্রীরা এই দাবী জানিয়েছেন ।

---------------------------------------------------------------------------------------------------

কাছাড় পুলিশ বড়খলা পুলিশ থানার অর্ন্তগত ময়নাগড় অঞ্চলের ডলুতে অভিযান চালিয়ে গতরাত্রে বৃহৎ পরিমাণ নেশাজাত ট্যাবলেট বাজেয়াপ্ত করেছে । মিজোরামের থেকে আসা একটি গাড়িতে তল্লাশি চালিয়ে পুলিশ প্রায় ৮০ হাজার ইয়াবা ট্যাবলেট বাজেয়াপ্ত করে । এই ট্যাবলেটের আনুমানিক বাজারমূল্য ১৬ কোটি টাকা হবে বলে পুলিশ জানিয়েছে । এই ঘটনায় জড়িত সন্দেহে পুলিশ ধলাই থানার জামালপুর এলাকার এক ব্যক্তিকে আটক করেছে । পুলিশ ঘটনার তদন্ত অব্যাহত রেখেছে।

---

শ্রীভূমি পূর্ত বিভাগের সড়ক ডিভিশন শাখার কার্যবাহী বাস্তুকার এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে আনিপুর-জামমুয়াং এন ই সি রোড থেকে নিভিয়া -মাগুরাছড়া সড়কের পূর্ব মাগুরা সংযোগকারী পি এম জি এস ওয়াই সড়কে ও বাগ সেতু ১/১ এর উপর দিয়ে যান চলাচলের ক্ষেত্রে সর্বোচ্চ ১০ টনের বেশী যান চলাচল করতে পারবে না । বিজ্ঞপ্তিতে বলা হয়েছে যে বালু বোঝাই অতিরিক্ত ওজনের যানবাহন চলাচলের ফলে বাগ সেতুর পরিকাঠামো আরো ক্ষয়ক্ষতির হাত থেকে বাঁচাতে অবিলম্বে ঔই সড়ক দিয়ে ১০ টনের বেশী ওজনের ক্ষেত্রে নিষেধাজ্ঞা জারী করা হয়েছে । নির্দেশ অমান্য করলে আইনী ব্যবস্থা গ্রহন করা হবে ।

---

ধলাই মাতৃভূমি কাপ প্রাইজমানী নক আউট ফুটবল প্রতিযোগীতার আজ গ্রুপ বি থেকে দ্বিতীয় রাউন্ডের খেলায় ইসলামাবাদ এফ সি ৩-১ গোলের ব্যবধানে আব্দুল এফ সি জামালপুরকে পরাজিত করে কোয়ার্টার ফাইনালে প্রবেশন করে । আজকের খেলায় সেরা খেলোয়াড় নির্বাচিত হন মুনজিৎ । ধলাই বাম নিত্যানন্দ উচ্চতর মাধ্যমিক বহুমুখী বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত প্রতিযোগীতার আগামীকালের খেলায় এস এস এম এম এফ সি কর্কট এবং পানিসাগর মোকাম এফ সি পরস্পরের মূখোমূখী হবে ।

---